

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩৪টি প্রতিষ্ঠানকে ২.০৫ লক্ষ টাকা জরিমানা

২৭ এপ্রিল ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, গোপালগঞ্জ, নরসিংদী, চট্টগ্রাম, পঞ্চগড়, নওগাঁ, কুষ্টিয়া, খুলনা, সিলেট ও চাঁদপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে আল-আমিন ট্রেডার্সকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা র অপরাধে বিসমিল্লাহ ট্রেডার্সকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ভিআইপি গ্যালারীকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে রসনাকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা র অপরাধে মুসলিম সুইচেস এন্ড ডিপার্টমেন্টাল সপকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের আকবর শাহ থানায় ৩টি প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নরসিংদী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান-আল-মারুফের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নওগাঁ এর মহাদেবপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ বনি আমিনের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনের আলমের নেতৃত্বে খুলনার ডুমুরিয়া উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সিলেটের বিশ্বনাথ উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে চাঁদপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকাসহ ১,৪৫,৫০০/- (এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতাতে কারচুপি ও খাদ্যপণ্যের নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১১টি বাজার তদারকিতে ৩৪টি প্রতিষ্ঠানকে মোট ২,০৫,৫০০/- (দুই লক্ষ পাঁচ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটোরী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতি, পরিবেশ অধিদপ্তরের সদস্য ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যা ব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, গোপালগঞ্জ, নরসিংদী, চট্টগ্রাম, পঞ্চগড়, নওগাঁ, কুষ্টিয়া, খুলনা, সিলেট ও চাঁদপুর।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, গোপালগঞ্জ, নরসিংদী, চট্টগ্রাম, পঞ্চগড়, নওগাঁ, কুষ্টিয়া, খুলনা, সিলেট ও চাঁদপুর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।